গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অফিস প্রধান, বিএলআরআই আঞ্চলিক কেন্দ্র, বাঘাবাড়ী, সিরাজগঞ্জ

এবং

মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৪ - জুন ৩০, ২০২৫

## সূচিপত্র

আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: আঞ্চলিক / জোনাল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: আঞ্চলিক / জোনাল অফিসের বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১১

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১২

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৩

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৪

## আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Regional/Zonal Office)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

বিএলআরআই আঞ্চলিক কেন্দ্র, প্রতিষ্ঠালগ্ন থেকেই অত্র কেন্দ্রে ও মাঠ পর্যায়ে বিভিন্ন গবেষণা কার্যক্রম ও প্রতিষ্ঠান কর্তৃক উদ্ভাবিত প্রযুক্তি হস্তান্তর কার্যক্রম অব্যহত রয়েছে। সেই সাথে, খামারীদের প্রশিক্ষণ, ঘাসের কাটিং বিতরণ ও বিভিন্ন নমুনা পরীক্ষাপূর্বক কারিগরি পরামর্শসহ বিভিন্ন সেবামূলক কার্যক্রম সফলতার সাথে বাস্তবায়ন করে আসছে। বিগত ৩ বছরে উক্ত কেন্দ্র হতে ৫ টি গবেষণা কার্যক্রম পরিচালনা করা হয়েছে। রাজস্ব বাজেট থেকে ৬৩৫ জন খামারীকে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ২৫ লক্ষের অধিক উচ্চফলনশীল নেপিয়ার ঘাসের কাটিং খামারীদের মাঝে বিতরণ করা হয়েছে। উক্ত কেন্দ্রের প্রাণীস্বাস্থ্য ও প্রাণীপুষ্টি গবেষণাগারের মাধ্যমে প্রায় ৩৪০০ টি বিভিন্ন ধরনের নমুনা (গোবর, রক্ত, মূত্র এবং খাদ্য উপাদান) পরীক্ষাপূর্বক প্রতিবেদন প্রদান করা হয়েছে। বর্তমানে উক্ত কেন্দ্রে উন্নত জাতের ২২ টি ফডারের জাত সংরক্ষণ, উন্নয়ন ও মাল্টিপ্লিকেশন করা হয়েছে। অত্র কেন্দ্রে স্থানীয় পাবনা জাতের গরু সংরক্ষণ ও উন্নয়ন গবেষণা কার্যক্রম চলমান রয়েছে। অধিকন্তু, বাথান এলাকায় বিদ্যমান সর্বোচ্চ দুধ উৎপাদনকারী গাভী (৩৫-৪০ লিটার/দিন) সংরক্ষণ এবং চলমান জাত উন্নয়ন গবেষণা কার্যক্রম জোরদারকরণে একটি উন্নয়ন প্রকল্প প্রস্তুতপূর্বক সরকারের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) তে প্রেরণ ও সদয় অনুমোদনের জন্য প্রয়োজনীয় উদ্যেগ গ্রহণ করা হয়েছে। গাভীর জাত উন্নয়নের জন্য পাবনা ও ৫০% হলিস্টিন সংকর দুটি জাতের বর্তমানে মোট গরুর সংখ্যা ১০০ টি গরু রয়েছে। এছাড়াও বর্তমানে দেশীয় জাতের গাভীর উন্নয়ন ও সংরক্ষণের জন্য আঞ্চলিক কেন্দ্রের পাশাপাশি এলাকার চর অঞ্চলে খাঁটি পাবনা জাতের গরুর স্বাস্থ্য ব্যবস্থাপনা বিষয়ক বিভিন্ন কার্যক্রম পরিচালনা করা হয়।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

শাহজাদপুর বাংলাদেশের একটি অন্যতম দুগ্ধ উৎপাদনশীল এলাকা, এখানে দুধের বাজার জাত করণে মধ্যস্বত্ত ভোগীদের দৌরাত্ম্য ও অস্থিতিশীল বাজার মূল্যের কারণে একদিকে যেমন প্রান্তিক পর্যায়ের খামারীরা সঠিক মূল্য পাচ্ছেনা অন্যদিকে গো-খাদ্যের অধিক মূল্যের কারণে লভ্যাংশ হারাচ্ছেন। এছাড়া রাজস্ব খাতভূক্ত জনবলের স্বল্পতা (বিজ্ঞানী ও কর্মচারী) এবং তাদের সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণের অভাব এই আঞ্চলিক কেন্দ্রে গবেষণা কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে অন্যতম অন্তরায়। সর্বোপরি, আঞ্চলিক কেন্দ্রে নতুন নতুন গবেষণা কার্যক্রম গ্রহণ ও চলমান কার্যক্রম জোরদারকরণে অত্র কেন্দ্রের জন্য আলাদা অর্থনৈতিক কোড চালুকরণ, ভেহিকেল সুবিধা প্রদান ও প্রয়োজনীয় জনবল পদায়ন করার মাধ্যমে বর্ণিত সমস্যা ও চ্যালেঞ্জসমূহ মোকাবেলা করা সম্ভব।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

রূপকল্প ২০২০-২০৪১ ও টেকসই উন্নয়ন অভীষ্ট লক্ষ্যমাত্রা অর্জনে অত্র আঞ্চলিক কেন্দ্রের সমস্যা ভিত্তিক বিভিন্ন গবেষণা কার্যক্রম গ্রহণ করা হয়েছে। জলবায়ু পরিবর্তনজনিত অভিঘাত মোকাবেলা করে পরিবেশবান্ধব প্রাণিসম্পদ প্রযুক্তি উদ্ভাবনের লক্ষ্যে গবেষণার কার্যক্রম পরিচালনা করা অত্র কেন্দ্রের ভবিষ্যৎ পরিকল্পনার একটি গুরুত্বপূর্ণ অংশ।

**২০২৪-২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- প্রাণিসম্পদ উন্নয়নের লক্ষ্যে ০৫ টি গবেষণা কার্যক্রম বাস্তবায়ন
- মানব সম্পদ উন্নয়নে ২০০ জন খামারী/উদ্যোক্তাদের প্রশিক্ষণ
- ১০০০ জন খামারী/উদ্যোক্তাদের পরামর্শ প্রদান
- ১২,০০০ ঘাসের কাটিং বিতরণ
- ১৫০০ টি রোগের নমুনা পরীক্ষা
- ১৮ টি উঠান বৈঠক বাস্তবায়ন
- জার্মপ্লাজমে নতুন ২টি ঘাসের জাত উন্নয়ন ও সংরক্ষণ

## প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

বিভাগীয় প্রধান, বিএলআরআই আঞ্চলিক কেন্দ্র, বাঘাবাড়ী, সিরাজগঞ্জ

এবং

মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট-এর মধ্যে ২০২৪ সালের ...জুন... মাসের ...২৭... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## আঞ্চলিক / জোনাল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision)**

প্রাণিসম্পদ উন্নয়নে জাতীয় চাহিদার নিরীখে গবেষণা পরিচালনা ও প্রযুক্তি উদ্ভাবন

**১.২ অভিলক্ষ্য (Mission)**

নিরাপদ প্রাণিজ আমিষের চাহিদা পূরুণের লক্ষ্যে গবেষণার মাধ্যমে প্রাণিসম্পদের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি।

**১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র**

**১.৩.১ আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র**

১. প্রাণিসম্পদ/ঘাসের জাত সংরক্ষণ ও উন্নয়ন
২. প্রাণিসম্পদের সার্বিক উন্নয়নের লক্ষ্যে গবেষণা কার্যক্রম পরিচালনা
৩. প্রাথমিক সম্প্রসারণ কার্যক্রম
৪. মানবসম্পদ উন্নয়ণ

**১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র**

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

**১.৪ কার্যাবলি (Functions)**

১. গবেষণার মাধ্যমে দেশের প্রাণিসম্পদের মৌলিক সমস্যা সনাক্তক্রমে তা সমাধানের উপায় নির্ধারণ বা চিহ্নিত করা । প্রাণিসম্পদের বিভিন্ন প্রকার রোগ দ্রুত সনাক্তকরণ এবং তার চিকিৎসার জন্য উপযোগী পদ্ধতি উদ্ভাবন করা । প্রাণি খাদ্যের উৎপাদন ও সংরক্ষণ পদ্ধতির উন্নয়ন এবং কৃষিভিত্তিক উপজাত, উচ্ছিষ্ট ও অপ্রচলিত খাদ্য সামগ্রীর সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করা । আপদকালীন সময়ে প্রাণিখাদ্য যোগানের লক্ষ্যে দীর্ঘমেয়াদে সংরক্ষণযোগ্য প্রাণিখাদ্য প্রস্তুতকরণের কৌশল উদ্ভাবন করা । দুধ, মাংস ও কর্ষণ শক্তি উৎপাদন বৃদ্ধি সহায়ক প্রাণিসম্পদের উন্নত জাত উদ্ভাবন এবং ডিম ও মাংসের উৎপাদন বৃদ্ধি সহায়ক পোল্ট্রির উন্নত জাত উদ্ভাবন করা । প্রাণিসম্পদ এবং তা হতে উৎপাদিত পন্যের বাজারজাতকরণ সংক্রান্ত সমস্যা নির্ণয় এবং প্রাণিজপণ্যের শ্রেণিবিন্যাসসহ তা বাজারজাতকরণে উপযুক্ত পদ্ধতির উন্নয়ন করা । নিরাপদ প্রাণিজ খাদ্য বিষয়ক গবেষণা পরিচালনা করা । প্রাণি বর্জের প্রকৃতি ও বহুমুখী উপযোগিতা এবং উহার পরিবেশ বান্ধব ব্যবস্থাপনার উপর গবেষণা পরিচালনাক্রমে পদ্ধতি উদ্ভাবন করা ।

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা ২০২৪-২৫ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৫-২০২৬ | ২০২৬-২০২৭ | | |
| মাংস, ডিম ও দুধের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে গবেষণা কার্যক্রম | বাস্তবায়িত গবেষণা কার্যক্রম | সংখ্যা | ২ | ৪ | ৫ | ৫ | ৬ | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, প্রাণিসম্পদ অধিদপ্তর, সরকারী ও বেসরকারী সংস্থা সমূহ | বিএলআরআই এর বার্ষিক গবেষণা মূল্যায়ন কর্মশালা ও বার্ষিক প্রতিবেদন |
| | সংরক্ষিত প্রাণীর জাত | সংখ্যা | ২ | ২ | ২ | ২ | ৩ | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, প্রাণিসম্পদ অধিদপ্তর, সরকারী ও বেসরকারী সংস্থা সমূহ | বিএলআরআই এর বার্ষিক গবেষণা মূল্যায়ন কর্মশালা ও বার্ষিক প্রতিবেদন |
| | সংরক্ষিত ঘাসের জার্মপ্লাজম | সংখ্যা | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, প্রাণিসম্পদ অধিদপ্তর, সরকারী ও বেসরকারী সংস্থা সমূহ | বিএলআরআই এর বার্ষিক গবেষণা মূল্যায়ন কর্মশালা ও বার্ষিক প্রতিবেদন |
| | খামারী/ উদ্যোক্তা প্রশিক্ষণ | সংখ্যা | ৫০ | ১০০ | ১০০ | ১৫০ | ১৫০ | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, প্রাণিসম্পদ অধিদপ্তর, সরকারী ও বেসরকারী সংস্থা সমূহ | বার্ষিক প্রতিবেদন/ প্রশিক্ষণ প্রতিবেদন |
| | পরামর্শ সেবা | সংখ্যা | ৯০০ | ১০০০ | ১০০০ | ১১০০ | ১২০০ | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, প্রাণিসম্পদ অধিদপ্তর, সরকারী ও বেসরকারী সংস্থা সমূহ | বার্ষিক প্রতিবেদন/ রেজিস্ট্রার বই |
| | পরীক্ষিত রোগের নমুনা | সংখ্যা | ১৪০০ | ১৫০০ | ১৫০০ | ১৬০০ | ১৭০০ | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, প্রাণিসম্পদ অধিদপ্তর, সরকারী ও বেসরকারী সংস্থা সমূহ | বার্ষিক প্রতিবেদন/ রেজিস্ট্রার বই |
| | ঘাসের কাটিং বিতরণ (লক্ষ) | সংখ্যা | ১০০০০ | ১০০০০ | ১২০০০ | ১২০০০ | ১৩০০০ | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, প্রাণিসম্পদ অধিদপ্তর, সরকারী ও বেসরকারী সংস্থা সমূহ | বার্ষিক প্রতিবেদন/ রেজিস্ট্রার বই |
| | উঠান বৈঠক | সংখ্যা | ৮ | ৮ | ১০ | ১০ | ১২ | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, প্রাণিসম্পদ অধিদপ্তর, সরকারী ও বেসরকারী সংস্থা সমূহ | বার্ষিক প্রতিবেদন/ রেজিস্ট্রার বই |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩
# কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] প্রাণিসম্পদ/ঘাসের জাত সংরক্ষণ ও উন্নয়ন | ২৪ | [১.১] প্রাণিসম্পদ সংরক্ষণ ও উন্নয়ন | [১.১.১] সংরক্ষিত প্রাণীর জাত | সমষ্টি | সংখ্যা | ৮ | ২ | ২ | ২ | ১ | | | | ২ | ৩ |
| | | [১.২] ঘাসের জার্মপ্লাজম সংরক্ষণ ও উন্নয়ন | [১.২.১] সংরক্ষিত ঘাসের জার্মপ্লাজম | সমষ্টি | সংখ্যা | ১৬ | ২ | ৩ | ৪ | ৩ | | | | ৫ | ৬ |
| [২] প্রাণিসম্পদের সার্বিক উন্নয়নের লক্ষ্যে গবেষণা কার্যক্রম পরিচালনা | ২০ | [২.১] প্রাণিসম্পদ সম্পর্কিত গবেষণা | [২.১.১] বাস্তবায়িত গবেষণা কার্যক্রম | সমষ্টি | সংখ্যা | ২০ | ২ | ৩ | ৫ | ৪ | ৩ | | | ৫ | ৬ |
| [৩] প্রাথমিক সম্প্রসারণ কার্যক্রম | ২০ | [৩.১] পরামর্শ সেবা | [৩.১.১] পরামর্শ প্রদানকৃত খামারী/উদ্যোক্তা | সমষ্টি | সংখ্যা | ৫ | ৯০০ | ১০০০ | ১০০০ | ৯০০ | ৮০০ | ৭০০ | ৬০০ | ১১০০ | ১২০০ |
| | | [৩.২] প্রাণী রোগের নমুনা পরীক্ষণ | [৩.২.১] পরীক্ষিত রোগের নমুনা | সমষ্টি | সংখ্যা | ৫ | ১৪০০ | ১৫০০ | ১৫০০ | ১৩৫০ | ১২০০ | ১০৫০ | ৯০০ | ১৬০০ | ১৭০০ |
| | | [৩.৩] ঘাসের কাটিং বিতরণ | [৩.৩.১] বিতরণকৃত ঘাসের কাটিং (লক্ষ) | সমষ্টি | সংখ্যা | ৫ | ১০০০০ | ১০০০০ | ১০০০০ | ৯০০০ | ৮০০০ | ৭০০০ | ৬০০০ | ১৬০০ | ১৭০০ |
| | | [৩.৪] উঠান বৈঠক | [৩.৪.১] বাস্তবায়নকৃত উঠান বৈঠক | সমষ্টি | সংখ্যা | ৫ | ৮ | ১০ | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | ১২ | ১২ |
| [৪] মানবসম্পদ উন্নয়ণ | ৬ | [৪.১] খামারী/উদ্যোক্তা/ প্রশিক্ষণ | [৪.১.১] প্রশিক্ষিত খামারী/ উদ্যোক্তা | সমষ্টি | সংখ্যা | ৬ | ১ | ২ | ২ | ১ | | | | ৩ | ৩ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

মি, অফিস প্রধান, বিএলআরআই আঞ্চলিক কেন্দ্র, বাঘাবাড়ী, সিরাজগঞ্জ, মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ বেষণা ইনস্টিটিউট-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

মি, মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট হিসাবে অফিস প্রধান, বিএলআরআই আঞ্চলিক ন্দ্র, বাঘাবাড়ী, সিরাজগঞ্জ-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় হযোগিতা প্রদান করব।

ক্ষরিত:

| | |
|---|---|
| ফিস প্রধান<br>এলআরআই আঞ্চলিক কেন্দ্র, বাঘাবাড়ী,<br>রাজগঞ্জ | ২৭.০৬.২০২৪<br>তারিখ |
| াপরিচালক<br>ংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট | ২৭.০৬.২০২৪<br>তারিখ |

# সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | এসডিজি | টেকসই উন্নয়ন অভীষ্ট |
| ২ | টিওটি | ট্রেনিং অব দ্যা ট্রেইনার |
| ৩ | ডিএলএস | প্রাণিসম্পদ অধিদপ্তর |
| ৪ | পিআরএল | প্রিপারেটরি রিটায়ারমেন্ট লিভ |
| ৫ | বিএলআরআই | বাংলাদেশ লাইভস্টক রিসার্চ ইনস্টিটিউট |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] প্রাণিসম্পদ সংরক্ষণ ও উন্নয়ন | [১.১.১] সংরক্ষিত প্রাণীর জাত | সকল বিভাগ/দপ্তর/ আঞ্চলিক কেন্দ্রসমূহ | আয়োজিত সভা বা কর্মশালা, কারিগরি কমিটির সভার কার্যবিবরণী |
| [১.২] ঘাসের জার্মপ্লাজম সংরক্ষণ ও উন্নয়ন | [১.২.১] সংরক্ষিত ঘাসের জার্মপ্লাজম | সংশ্লিষ্ট বিভাগ / আঞ্চলিক কেন্দ্রসমূহ | লিফলেট/পপুলার আর্টিকেল/প্রকাশনা/বার্ষিক প্রতিবেদন |
| [২.১] প্রাণিসম্পদ সম্পর্কিত গবেষণা | [২.১.১] বাস্তবায়িত গবেষণা কার্যক্রম | সকল বিভাগ/দপ্তর/ আঞ্চলিক কেন্দ্রসমূহ | বার্ষিক গবেষণা প্রতিবেদন |
| [৩.১] পরামর্শ সেবা | [৩.১.১] পরামর্শ প্রদানকৃত খামারী/উদ্যোক্তা | সংশ্লিষ্ট বিভাগ/আঞ্চলিক কেন্দ্রসমূহ | খামারী/উদ্যোক্তাদের গৃহিত সেবার রেজিষ্টার বহি |
| [৩.২] প্রাণী রোগের নমুনা পরীক্ষণ | [৩.২.১] পরীক্ষিত রোগের নমুনা | সংশ্লিষ্ট বিভাগ /দপ্তর/ আঞ্চলিক কেন্দ্রসমূহ | প্রতিস্বাক্ষরিত ত্রৈমাসিক প্রতিবেদন, বার্ষিক প্রতিবেদন |
| [৩.৩] ঘাসের কাটিং বিতরণ | [৩.৩.১] বিতরণকৃত ঘাসের কাটিং (লক্ষ) | সংশ্লিষ্ট বিভাগ / আঞ্চলিক কেন্দ্রসমূহ | প্রতিস্বাক্ষরিত ত্রৈমাসিক প্রতিবেদন, বার্ষিক প্রতিবেদন |
| [৩.৪] উঠান বৈঠক | [৩.৪.১] বাস্তবায়নকৃত উঠান বৈঠক | সংশ্লিষ্ট বিভাগ / আঞ্চলিক কেন্দ্রসমূহ | প্রতিস্বাক্ষরিত ত্রৈমাসিক প্রতিবেদন, বার্ষিক প্রতিবেদন |
| [৪.১] খামারী/উদ্যোক্তা/ প্রশিক্ষণ | [৪.১.১] প্রশিক্ষিত খামারী/ উদ্যোক্তা | সংশ্লিষ্ট বিভাগ/প্রশিক্ষণ, পরিকল্পনা ও প্রযুক্তি পরীক্ষণ বিভাগ | অফিস আদেশ/প্রশিক্ষণার্থীর উপস্থিতি তালিকা |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|

## সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ